

শুক্রবার -
২৫ জুন, ২০০৮
০৫:০০ - ০৫:৩০
শ্রীমতীমহাশয় - ৩৭৬-৫৫২২

শুক্রবার, ২৫/৬/০৮, বৃহঃ, পৃ. ১৫

ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটিতে তথ্য সংরক্ষণ বিষয়ে সেমিনার

সম্প্রতি ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটি লাইব্রেরি আয়োজিত 'ডিজিটাল পদ্ধতিতে তথ্য সংরক্ষণ ব্যবস্থাপনায় এশিয়ার ডিজিটাল লাইব্রেরিগুলোর ভূমিকা' শীর্ষক সেমিনার মহাখালীর ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। নিউজিল্যান্ডের ভিক্টোরিয়া ইউনিভার্সিটি অফ ওয়েলিংটনের ইনফরমেশন ম্যানেজমেন্ট স্কুলের শিক্ষাবিদ প্রফেসর জি.ই. গরমেন ও ডক্টর ডেনিয়েল ডরনার সেমিনারের মূল প্রবন্ধ উপস্থাপন করেন। ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটির ভারপ্রাপ্ত উপাচার্য প্রফেসর ড. মুনীরুদ্দিন আহমদ সেমিনারের উদ্বোধন করেন। ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটি লাইব্রেরির প্রধান দিলারা বেগম ধন্যবাদ জ্ঞাপন করেন। সেমিনারে বিভিন্ন সরকারি এবং বেসরকারি ইউনিভার্সিটি, জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান, এনজিওতে কর্মরত লাইব্রেরিয়ানবৃন্দ এবং ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটির শিক্ষকরা উপস্থিত ছিলেন।

ডিজিটাল লাইব্রেরি ডিজিটাল সংরক্ষণের একটি অবিচ্ছেদ্য অংশ এবং এশিয়াজুড়ে এর বিস্তার ও বাস্তবায়নে লাইব্রেরিয়ানদের অত্যাবশ্যকীয়ভাবে অগ্রণী ভূমিকা পালন করা প্রয়োজন বলে বক্তারা মত প্রকাশ করেন। সংবাদ বিজ্ঞপ্তি



সেমিনারে প্রফেসর জিই গরমেন, ড. ডেনিয়েল ডরনারের সঙ্গে ইস্টওয়েস্ট ইউনিভার্সিটির ভারপ্রাপ্ত ডিসি প্রফেসর মুনীরুদ্দিন আহমদকে দেখা যাচ্ছে

